


Advertisement



৫ লক্ষ সম্মানিত বাঙালি পরিবারের মধ্যে থেকে
খুঁজে নিন আপনার পছন্দের জীবনসঙ্গী।*

ফ্রি-তে রেজিস্টার করতে **ক্লিক করুন**

* শর্তাবলী প্রযোজ্য

ABP Weddings
আপনার পছন্দ। সফল পছন্দ।



biggg
Room
for fun



RISE
sports republic
6 Lane Rajarhat



© BHK | 162 Lac Onwards*
www.bhk.com | 022-2222-0000 | 1500 Sq Ft | 1500 Sq Ft

আনন্দবাজার পত্রিকা অনলাইন

২২ জানুয়ারি ২০২৪

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো

Anandabazar / West Bengal / Kolkata / Jadavpur University Teachers Association goes to the Governor to solve VC problem dgtl

Jadavpur University

যাদবপুরে উপাচার্য-জট! সমাধান খুঁজতে রাজ্যভবনে শিক্ষক সংগঠন, কী বললেন রাজ্যপাল?

অন্তর্বর্তী উপাচার্য বুদ্ধদেব সাউকে রাজ্যপাল সরিয়ে দেওয়ার পর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের পদ নিয়ে জটিলতা তৈরি হয়েছে। অচলাবস্থা কাটাতে রাজ্যভবনে গিয়েছিলেন জুটার প্রতিনিধিরা।



যাদবপুর বিশ্ববিদ্যালয়। —ফাইল চিত্র।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ১১ জানুয়ারি ২০২৪ ২২:৪৫

Share:   Save: 

উপাচার্য জট কাটাতে আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে দেখা করলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠন জুটার প্রতিনিধিরা। বৃহস্পতিবার রাজভবনে গিয়েছিলেন তাঁরা। রাজ্যপালের সঙ্গে বৈঠক করেন বেশ কিছু ক্ষণ। উপাচার্যের পদ নিয়ে যে জটিলতা তৈরি হয়েছে, তার সমাধান নিয়ে উভয় পক্ষের মধ্যে আলোচনা হয়।



রাজভবন সূত্রের খবর, রাজ্যপাল জানিয়েছেন, সুপ্রিম কোর্ট সার্চ কমিটি গঠন করলেই বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্যের সমস্যা মিটবে। তবে তার আগে বিশ্ববিদ্যালয়ে যে অচলাবস্থা তৈরি হয়েছে তা নিয়ে চিন্তিত আচার্য বোস। দ্রুত এর সমাধান সূত্র খোঁজার চেষ্টা করবেন বলে তিনি জানিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের কাজ যাতে আটকে না থাকে, তা নিশ্চিত করতে আইনি পরামর্শ নেবেন বলেও জুটার প্রতিনিধিদের আশ্বাস দিয়েছেন রাজ্যপাল। বিশ্ববিদ্যালয়ের আইনের মধ্যে থেকেই তিনি যা করার করবেন।

আরও পড়ুন:

আনন্দবাজার পরিধি অনলাইন

বিচারপতি গঙ্গোপাধ্যায় যা বলছেন, তিনি তার জবাব দেবেন? মমতা বললেন, 'লক্ষণরেখা' পেরোবেন না

আনন্দবাজার পরিধি অনলাইন

শাহজাহান-প্রশ্নে সংক্ষিপ্ত জবাব মুখ্যমন্ত্রী মমতার, কেন বিশদ উত্তরে গেলেন না তৃণমূলের সর্বোচ্চ নেত্রী?

রাজভবন সূত্রে জানা গিয়েছে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে কী করা যায়, আইনজীবীদের মাধ্যমে সুপ্রিম কোর্টের কাছে তা জানতে চাইছেন রাজ্যপাল বোস। আপাতত তিনি বিশ্ববিদ্যালয়ের নিয়ম মেনে কোর্ট বৈঠক করায় সম্মতি দিয়েছেন।




Top 5 Skin Exfoliation Tips & Tricks

Here are a few skin exfoliation tricks and tips that will help you to remove dry and dead skin from your body. These tips are easy and simple to follow.



Recommended by @ | i



9 Popular Car Games That Will Make You Forget Everything Else

Recommended by @ | i

টাকা TALK

সেভিংস থেকে ইনভেস্টমেন্ট

লাভ হবে না লোকসান? ₹

উত্তর একটাই **বিশদে জানুন**

উপাচার্য সমস্যা নিয়ে এর আগে রাজ্যের উচ্চ শিক্ষা দফতরের দ্বারস্থ হয়েছিল যাদবপুর। সেখান থেকে বুদ্ধদেব সাউকেই উপাচার্য হিসাবে কাজ চালিয়ে যাওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছিল। বৃহস্পতিবার রাজ্যপালের বক্তব্য জানতে গিয়েছিলেন জুটার প্রতিনিধিরা।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্য রাজভবন দ্বন্দ্বের আবহে যাদবপুরে বুদ্ধদেবকেই অন্তর্বর্তিকালীন দায়িত্ব দিয়েছিলেন রাজ্যপাল। গোলমালের সূত্রপাত বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনের সময়ে। সমাবর্তনের জন্য প্রয়োজনীয় কোর্টের বৈঠকে রাজ্যপাল সম্মতি দেননি। তা সত্ত্বেও উপাচার্য বৈঠক করেন এবং সমাবর্তনের আয়োজন করেন। এর পরেই বুদ্ধদেবকে অপসারণের নির্দেশ দেন বোস। ফলে সমাবর্তন নিয়ে জটিলতা তৈরি হয়। যাদবপুরে এই মুহুর্তে স্থায়ী উপাচার্য নেই। উচ্চ শিক্ষা দফতরের সম্মতি থাকলেও আচার্য বুদ্ধদেবকে সরিয়ে দিয়েছেন।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

[Jadavpur University](#) [CV Ananda Bose](#) [Governor](#) [JUTA](#)

Follow us on: [f](#) [X](#) [@](#) [G+](#) Save: [🔖](#)

Advertisement

Tab

বিলাসবহুল 2 এবং 3 BHK ফ্ল্যাট ₹55 লক্ষ* থেকে
কলকাতায় সর্বপ্রথম আবাসিক কমপ্লেক্স - 102টি সুযোগ-সুবিধা সহ
PS Group | Sponsored

আ

Hackers can take over your account - This is what you can do
Kaspersky | Sponsored

These Are The Most Beautiful Women In The World
5minstory.com | Sponsored